R. N. No. 2532/57

Regd. No. WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাকশন সিণ্ডিকেট
ঝকঝকে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গীয় শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

মণীন্দ্র সাইকেল ষ্টোরস্
রঘুনাথগঞ্জ
হেড অফিস—সদরঘাট *
ব্রাঞ্চ—ফুলতলা
বাজার অপেক্ষা সুলভে সমস্ত প্রকার সাইকেল, রিক্সা স্পেয়ার পার্টস, ক্রয়ের নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।

৬১শ বর্ষ
১৬শ সংখ্যা

রঘুনাথগঞ্জ, ২৫শে ভাদ্র, বুধবার, ১৩৮১ সাল।
১১ই সেপ্টেম্বর, ১৯৭৪ সাল।

নগদ মূল্য : ১৫ পয়সা
বার্ষিক ৬৲, সডাক ৭৲

## রাস্তা না সারালে বাস বন্ধ

সাগরদীঘি, ১১ সেপ্টেম্বর—একেই এস, এম, জি, আর রুটে বাস কম তার উপর বিভাগীয় কর্ত্তৃপক্ষের দীর্ঘদিনের গাফিলতিতে বাস মালিকরা বাধ্য হয়ে অনির্দ্দিষ্টকালের জন্য রাস্তা থেকে বাস তুলে নেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন। স্থানীয় যাত্রীসাধারণের বহু লেখালেখি ও আবেদনের পরও কর্ত্তৃপক্ষ রাস্তা সারাবার, বিশেষ করে পাঁচনপাড়া থেকে রঘুনাথগঞ্জ পর্যন্ত রাস্তার দুরাবস্থা মোচনের কোন ব্যবস্থা নেননি। শোনা গেছে, মেরামতির জন্য ১৬ হাজার টাকা নাকি মঞ্জুর করা হয়েছে। কাজ এখনও শুরু হয়নি। এদিকে রাস্তায় খানাখন্দ সৃষ্টি হওয়ায় যানবাহন চলাচল প্রায় অসম্ভব হয়ে পড়েছে। প্রায় প্রতিদিনই কোন না কোন বাসের চাকা ফাটছে অথবা যন্ত্রাংশ ক্ষতিগ্রস্ত হচ্ছে। এতে যাত্রীদের দুর্ভোগ পোহাতে হচ্ছে, বাস মালিকদের লোকসান দিতে হচ্ছে।

তাই বর্ত্তমানে চলাচলকারী চারটি বাসের মালিকরা আজ বহরমপুরে এক আলোচনা সভায় মিলিত হচ্ছেন পাঁচনপাড়া থেকে রঘুনাথগঞ্জ পর্যন্ত সড়ক না সারালে বাস তুলে নেওয়ার সিদ্ধান্ত গ্রহণের জন্য। গতকাল থেকে কান্দী—রঘুনাথগঞ্জ ভায়া সাগরদীঘি রুটের একটি বাস রাস্তার দুরাবস্থার জন্য রঘুনাথগঞ্জ পর্যন্ত না গিয়ে মনিগ্রাম পর্যন্ত যাচ্ছে। এতেই যাত্রীদের যথেষ্ট দুর্ভোগ পোহাতে হয়েছে। সবকটি বাস একসাথে তুলে নেওয়া হলে নাজেহালের একশেষ হবে।

## দোকানে হানা দিয়ে প্রচুর টাকার চোরাই মাল উদ্ধার, ব্যবসায়ী গ্রেপ্তার

ফরাক্কা : সন্ধান পেয়ে গত ২ সেপ্টেম্বর ফরাক্কা থানা এলাকার হাজার-পুর গ্রামের রাধেশ্যাম দাসের দোকান থেকে প্রচুর চোরাপথের ডালডা বনস্পতি ভর্ত্তি টিন, ডাকাতি করা প্রচুর কাঁসা ও পিতলের বাসন-কোসন, ট্রাক থেকে খোয়া যাওয়া সাতাশ পেটি চা এবং আরো প্রচুর চোরাই পথের মাল উদ্ধার করা হয়। মুর্শিদাবাদ জেলা কংগ্রেসের সদস্য মোশাররাফ হোসেন এবং জ্যোতির্ময় দাসের সহযোগিতায় ফরাক্কা থানার পুলিশ ওই অভিযান চালনা করে। ধৃত ব্যবসায়ী বর্ত্তমানে জেল হাজতে। তার বিরুদ্ধে অতীতে বহু চোরাই মাল ক্রয়বিক্রয়, ট্রাক ও ওয়াগন থেকে অপহৃত মালের লেনদেনের প্রচুর অভিযোগ আছে, কিছুদিন পূর্বে প্রতিবস্তা একশো টাকা দরে চোরাই পথের বস্তা গোলমরিচ বিক্রয়ের অভিযোগ এখনো বেশ সোচ্চার।

## রাতের অন্ধকারে ট্রাক ট্রাক চাল পাচার

উমরপুর মোড়, ৬ সেপ্টেম্বর—চার পাঁচ দিন থেকে মিঞাপুর বাজার হতে গভীর রাতের অন্ধকারে ট্রাক ট্রাক চাল কলকাতা ও সন্নিহিত এলাকায় পাচার করা হচ্ছে বলে খবর পাওয়া যাচ্ছে। জনৈক ব্যবসায়ী পুলিশী অব্যবস্থার সুযোগে চাল পাচারে লিপ্ত বলে প্রকাশ। জেলা করডন উঠে যাওয়ার পর বীরভূম থেকে মিঞাপুরে প্রচুর চাল আসা সত্ত্বেও পাচারের ফলে দাম আবার বাড়তে শুরু করেছে। উমরপুর মোড়ে কচুর হাট থেকেও নাকি কচুর ভেতর প্রচুর চাল পাচার হচ্ছে। স্থানীয় প্রশাসন সজাগ না হলে চাল পাচার বন্ধ হবে না এবং দামও কমবে না।

## ফরাক্কা ব্যারাজ কর্মে নিয়োগকর্ত্তাদের বিরুদ্ধে বিক্ষোভ

রঘুনাথগঞ্জ—বিভিন্ন সময়ে বিভিন্ন মন্ত্রীর প্রতিশ্রুতি, কেন্দ্রীয় সরকারের প্রদত্ত নির্দ্দেশনামা, স্থানীয় জনসাধারণ তথা বেকারদের দাবিকে কুট কৌশলে উপেক্ষা করে দক্ষ-অদক্ষের ধুয়া তুলে ব্যারাজ কর্মে নিয়োগকর্তাদের এবং জেনারেল ম্যানেজারের কথা খেলাপের বিরুদ্ধে সোচ্চার এক বিরাট যুব-ছাত্র মিছিল গত ২ সেপ্টেম্বর কর্ত্তৃপক্ষের 'লুকোচুরি' খেলার অবসান ঘটানর দাবিতে সোচ্চার হয়ে ওঠে ফরাক্কায়। জনস্বার্থ রক্ষা কমিটি (লোকাল পিপলস ইন্টারেষ্ট প্রটেকশন কমিটি) এই মিছিল পরিচালনা করেন। ফরাক্কা থানার বিভিন্ন আঞ্চলিক ইউনিট, কালিয়াচক ইউনিট এবং সুতী ও রঘুনাথগঞ্জ থানা এলাকার বেকার যুবকরা এই মিছিলে সামিল হয়েছিলেন। ইতোপূর্বে বার বার অনুরোধ জানিয়ে, ডেপুটেশন দিয়েও, কোন এক স্বার্থান্বেষী চক্রের কবলে পড়া অবৈধ নিয়োগ নীতির বিরুদ্ধে প্রতিকার দাবি ছিল অন্যতম। দাবি ছিল মোট চারটি—(১) স্থানীয় বেকারদের কর্মে নিয়োগের অগ্রাধিকার (২) ফীডার ক্যানালের পশ্চিম পারের পাহাড়ী বন্যার জল নিষকাশনের সুষ্ঠু এবং দ্রুত ব্যবস্থা (৩) ফরাক্কায় শিল্পনগরী প্রতিষ্ঠা (৪) গত ২২ মার্চ স্থানীয় জাতীয় সড়ক বন্ধ বিরোধীদের উপর পুলিশের অত্যাচার, গ্রেপ্তার, মামলার নিরপেক্ষ তদন্ত। ব্যারাজের জেনারেল ম্যানেজারের তরফ থেকে প্রথমে সাক্ষাৎকারে অনিচ্ছা ই-ও (১) এর অসৌজন্যমূলক উক্তিতে শত শত লোকের মিছিল ক্রোধে এবং শ্লোগানে সোচ্চার হয়ে উঠে। সেখানে গেষ্ট হাউসে অবস্থানরত কেন্দ্রীয় সেচ দপ্তরের যুগ্ম সচিব এস, এন, গুপ্তার কানে পৌছায় ঘটনাটি। ব্যারাজের তরফ থেকে পুলিশকে ডাকা হয়। কিন্তু ফরাক্কা থানার ভারপ্রাপ্ত অফিসার সুবুদ্ধির পরিচয় দেন। পরে ব্যারাজ

— শেষ পৃষ্ঠায় দেখুন

ফোন—অরঙ্গাবাদ—৩২
মৃণালিনী বিড়ি ম্যানুফ্যাকচারিং কোং (প্রাঃ) লিঃ
হেড অফিস—অরঙ্গাবাদ (মুর্শিদাবাদ)
রেজিঃ অফিস—২/এ, রামজী দাস জেঠীয়া লেন, কলিকাতা-৭

সবুজ বিপ্লবের শরিক হ'তে রাসায়নিক সার
ব্যবহার করুন
এফ, সি, আই-এর অনুমোদিত এজেন্ট
**ক্ষুদিরাম সাহা চারুচন্দ্র সাহা**
( জেনারেল মার্চ্চেণ্টস্ এণ্ড অর্ডার সাপ্লায়ার্স )
পোঃ ধুলিয়ান, ( মুর্শিদাবাদ )

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

২৫শে ভাদ্র বুধবার, সন ১৩৮১ সাল।

## ॥ রাস্তার আলোকীকরণ ॥

মহকুমা শহর জঙ্গিপুর, কিন্তু যাবতীয় সদর কার্যালয় ভাগীরথীর পশ্চিম তীরস্থ রঘুনাথগঞ্জ শহরে। দেওয়ানী ও ফৌজদারী আদালত, ট্রেজারী, ষ্টেট-ব্যাঙ্ক, প্রধান ডাকঘর, পুরসভা, সদর হাসপাতাল, থানা প্রভৃতি বহুরকমের সরকারী কার্যালয় রঘুনাথগঞ্জে। তাই অফিসার, অফিস-কর্মী এবং কার্যব্যপদেশে আগত অনেক লোকের ভীড় এই শহরে। বাহিরের মানুষের প্রতিদিন আসাযাওয়া চলিতেছে। অতএব বাহিরের সহিত এখানকার যোগাযোগের গুরুত্বও বাড়িয়াছে। আর এই যোগাযোগ চলে ট্রেণে, বাসে, রিক্সায়, সাইকেলে এবং পায়ে হাঁটিয়া।

শহরের প্রবেশমুখ ফুলতলা হইতে একটি রাস্তা জঙ্গিপুর রোড ষ্টেশনের নিকটস্থ মিঞাপুর হইয়া উমরপুরের মোড়ে ৩৪নং জাতীয় সড়কের সহিত মিলিত হইয়াছে। বস্তুতঃ এই রাস্তাই এই শহরের সহিত বাহিরের প্রধান যোগসূত্র রক্ষা করিতেছে। প্রায় সারা রাত্রি এই পথ দিয়া চলে যাতায়াত। হাসপাতালে জরুরী রোগী লইয়া যাওয়া, সিনেমার শেষ শো-এর পর নিজ নিজ গৃহে প্রত্যাবর্তন, শ্মশানঘাটে শবযাত্রা, রাত্রির ট্রেণ-যাত্রীদের যাওয়া অথবা আসা প্রভৃতির জন্য রাত্রির যে কোন সময় কিছু না কিছু লোক চলাচল করেন।

কিন্তু ফুলতলা হইতে উমরপুরের মোড় পর্যন্ত এই রাস্তায় বাতির ব্যবস্থা না থাকায় লোকজনের অসুবিধার একশেষ হইতেছে। ছিনতাই, দুর্বৃত্তপনা ইত্যাদি সমাজবিরোধী কাজ প্রায়শঃ ঘটিয়া থাকে। পথচারীর কাছে যাহাই থাকুক, সুযোগমত দুর্বৃত্তেরা কাড়িয়া লয়। অন্ধকারে গা ঢাকা দেওয়া অথবা রাহাজানি করার সুযোগ যথেষ্ট। আবার অন্ধকার পথে সাইকেল, রিক্সা ইত্যাদির পথদুর্ঘটনাও ঘটে। আমরা মনে করি, ফুলতলা হইতে উমরপুরের মোড় পর্যন্ত এই রাস্তায় বৈদ্যুতিক বাতির ব্যবস্থা করা একান্ত প্রয়োজন।

রাস্তাটি অবশ্য পুরসভার অধীন নয়, তাই জেলা বোর্ড ও সংশ্লিষ্ট দপ্তর এই সম্বন্ধে বিবেচনা করুন এই অনুরোধ করিতেছি। অনুরূপ অনুরোধ দলমত নির্বিশেষে এই শহরস্থ যাবতীয় রাজনৈতিক সংস্থা, এম-এল-এ, এম-পি এবং জনসাধারণের প্রতিও। তাঁহারা একটি যথার্থ জনকল্যাণমূলক কাজের জন্য সম্মিলিত দাবিতে সোচ্চার হইয়া উঠুন।

## সংবাদপত্রের স্বাধীনতা

[ বিশেষ প্রতিবেদক ]

কিছুদিন হতে লক্ষ্য করা যাচ্ছে যে, এক শ্রেণীর স্বার্থ-সংশ্লিষ্ট মহল ও পুলিশ মুর্শিদাবাদ জেলার একাধিক সাংবাদিক ও সংবাদপত্রের স্বাধীনতায় হস্তক্ষেপ করছেন। প্রাণনাশের হুমকি হতে শুরু করে মারধোর, মিসায় গ্রেপ্তারের হুমকি পর্যন্ত চলছে। আমেরিকার এক বিচারপতি বলেছিলেন, "প্রমাণ চাপা দেওয়ার প্রচেষ্টা সব চেয়ে বড় প্রমাণ বলে বিবেচিত হওয়া উচিত।"

বিচারপতির সেই ঐতিহাসিক উক্তি এই জেলার সাম্প্রতিক ঘটনাবলীতে প্রমাণ করেছে যে, নিজেদের অপরাধ ও ত্রুটি চাপা দেবার অপপ্রচেষ্টায় পুলিশ ও স্বার্থ সংশ্লিষ্ট মহল জেলার সাংবাদিক ও সংবাদপত্রের স্বাধীনভাবে মত প্রকাশের অধিকারে হস্তক্ষেপ করে সংবিধানবিরোধী অত্যন্ত জঘন্য প্রবৃত্তিতে লিপ্ত হয়েছেন। বিশেষ করে 'বালুচর' সম্পাদক সুবীর বোথরার লাঞ্ছনা, 'রেণেসাঁস' সম্পাদক অধীর সিংহের প্রাণনাশের হুমকি ও ছাপাখানায় আক্রমণ, 'কান্দী বান্ধব'-এর সংবাদদাতা সত্যনারায়ণ রায়ের উপর কাগ্রাম বীট হাউসের পুলিশের জুলুম, 'জঙ্গিপুর সংবাদ'-এর জেলা প্রতিনিধি সত্যনারায়ণ ভকতকে সাগরদীঘির ভারপ্রাপ্ত পুলিশ অফিসারের চোখ রাঙানি, স্বাধীনতা খর্ব ও মিসায় আটকের হুমকি জেলার সাংবাদিক ও সংবাদপত্র মহলকে উদ্বিগ্ন করে তুলেছে। মুর্শিদাবাদ জেলা সাংবাদিক সংঘ এই সমস্ত হামলা ও হুমকি বন্ধ ও প্রতিকারের দাবিতে সোচ্চার হচ্ছেন।

ভারতীয় সংবিধানের মৌলিক অধিকারসমূহে সংবাদপত্র ও পুস্তকে স্বাধীনভাবে মত প্রকাশের অধিকার দেওয়া হয়েছে। সংবিধানে বলা হয়েছে, "সকল নাগরিকই সব সময় নির্ভীকভাবে তার মতামত প্রকাশ করতে পারবে। সরকারী নীতি সমালোচনা করবার অধিকারও তাদের আছে। অপ্রীতিকর হলেও বে-আইনী না হলে সরকারের সমালোচনা করলে সমালোচককে শাস্তি দেওয়া হবে না। বক্তৃতা ও সংবাদপত্রের সঙ্গে মুদ্রণযন্ত্রের স্বাধীনতাও এই অধিকারের অন্তর্ভুক্ত।" ভারতীয় সাধারণতন্ত্র এই অধিকারকে স্বীকৃতি দিয়েছেন এবং সংবাদপত্রের স্বাধীনতা রক্ষায় ব্রতী হয়েছেন। ১৯৭২-এর নির্বাচনে বিপুলভাবে জয়লাভ করে সরকার গঠনের পর রাজ্যের মুখ্যমন্ত্রী সিদ্ধার্থশংকর রায় সংবাদপত্রগুলিকে বিরোধীর ভূমিকা গ্রহণে আমন্ত্রণ জানিয়েছিলেন। কিন্তু সংশ্লিষ্ট পুলিশ ও পুলিশ অফিসাররা গণতন্ত্রের রক্ষক হয়েও সেই চিরন্তন সত্যটিকে ভুলে গেছেন। তাঁরা যেন মনে রাখেন, 'সংবাদপত্রের স্বাধীনতাই গণতন্ত্রের রক্ষা-কবচ।' চোখ রাঙিয়ে কোন ফল হবে না। কারণ এটা পুলিশতন্ত্র নয়, গণতন্ত্র।

## কনসটেবলের বিরুদ্ধে ছিনতাই-এর অভিযোগ

রঘুনাথগঞ্জ থানার কনসটেবল্ খগেন্দ্রজীবন ঘোষের ( ডব্লু, বি, পি ৩৫০ ) বিরুদ্ধে মাহদহের এক পর্যটক দম্পতির কাছ থেকে ক্যামেরা ছিনতাই-এর অভিযোগ পাওয়া গিয়েছে। প্রকাশ, গত ২৯ আগষ্ট বিকেলে ওই দম্পতি মুর্শিদাবাদ ভ্রমণ করে ফেরার পথে জঙ্গিপুর ফেরী ঘাটে সংশ্লিষ্ট কনসটেবলের কাছে বাধা পান। তিনি তাঁদের 'অবৈধ ঘোরাফেরার' ভয় দেখিয়ে ২০০ টাকা দাবি করেন। তাঁরা টাকা দিতে অস্বীকার করলে ওই কনসটেবল্ তাঁদের কাছ থেকে জোর করে ক্যামেরা ছিনিয়ে নেন। স্থানীয় যুবকদের তৎপরতায় গত ২ সেপ্টেম্বর অভিযুক্ত কনসটেবলের কাছ থেকে অপহৃত ক্যামেরাটি উদ্ধার করা হয়েছে। জানা গেছে, পর্যটক দম্পতি আইনতঃ বিবাহিত।

—সংবাদদাতা

## শিক্ষক দিবস উদ্‌যাপন

রঘুনাথগঞ্জ, ৬ সেপ্টেম্বর—গতকাল এক অনাড়ম্বর অনুষ্ঠানে রঘুনাথগঞ্জ এক নম্বর ব্লকের উদ্যোগে সর্বপল্লী ডাঃ রাধাকৃষ্ণনের জন্মদিন শিক্ষক দিবসরূপে পালিত হয়। সকালে প্রভাতফেরী ছাড়াও বিকেলে প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষকদের মধ্যে এক প্রীতিপূর্ণ ফুটবল খেলা অমীমাংসিতভাবে শেষ হয়। সন্ধ্যায় অনুষ্ঠিত এক মনোজ্ঞ আলোচনাচক্রে সভাপতির ভাষণে পুরপতি ডাঃ গৌরীপতি চ্যাটার্জ্জী শিক্ষা ব্যবস্থা পরিবর্তনের কথা বলেন।

অরঙ্গাবাদে জঙ্গিপুর মহকুমা শিক্ষক দিবস উদ্‌যাপন কমিটির কেন্দ্রীয় অনুষ্ঠানে শৈলেন্দ্রচন্দ্র রায়, আবদুল মালেক, মোসলেম হোসেন, ইশাহাক বিশ্বাস, মোঃ সোহরাব, উপেন্দ্রনাথ সাহা, দেবপ্রসাদ রায়শর্ম্মা, মোঃ সাজিরুদ্দিন, অজিতকুমার মুখার্জ্জী, গৌরপদ আচার্য্য, চারুচন্দ্র ঘোষ, আশুতোষ দাস, নিশীকান্ত চৌধুরী, সরোজাক্ষ ভট্টাচার্য—এই ১৪ জন প্রাথমিক ও ম্যাধ্যমিক শিক্ষককে সম্মানিত করা হয়। অনুষ্ঠানে পৌরোহিত্য করেন অরঙ্গাবাদ ডি, এন কলেজের অধ্যক্ষ শ্রীকুমার আচার্য্য। প্রধান আতিথ্য গ্রহণ করেন অধ্যাপক রেজাউল করিম ও গৌরীপ্রসন্ন বিশ্বাস। অরঙ্গাবাদ বিড়ি মারচেণ্ট এ্যাসোসিয়েশন, বিড়ি শ্রমিক এ্যাসোসিয়েশন, ক্লথ মারচেণ্ট এ্যাসোসিয়েশন, বিড়ি মুনসি এ্যাসোসিয়েশন সহ সাতটি সংস্থা উপস্থিত শিক্ষকদের পুরস্কৃত করেন। বিশ্বস্ত সূত্রের খবর—মোঃ সোহরাব, মোঃ সাজিরুদ্দিন ও দেবপ্রসাদ রায়শর্মা সম্মান গ্রহণে তাঁদের অক্ষমতা প্রকাশ করেন এবং উপেন্দ্রনাথ সাহা লিখিতভাবে তা বর্জন করেন। এ ছাড়াও জেঠিয়া প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক দিবস উদ্‌যাপিত হয় এবং প্রাক্তন রাষ্ট্রপতি ডাঃ রাধাকৃষ্ণনের সুস্থ দেহ ও দীর্ঘ জীবন কামনা করা হয়।

## সাংবাদিককে হুমকির অভিযোগ বিশেষভাবে তদন্ত হবেঃ জেলা শাসক

নিজস্ব প্রতিনিধি

বহরমপুর, ৭ সেপ্টেম্বর—সাগরদীঘির ও, সি-র বিরুদ্ধে সাংবাদিককে হুমকির অভিযোগ বিশেষভাবে তদন্ত করা হবে। এ প্রতিশ্রুতি দিয়েছেন মুর্শিদাবাদের জেলা শাসক রথীন দে। আজ জেলা সাংবাদিক সংঘের এক প্রতিনিধি দল সাংবাদিকদের গণতান্ত্রিক অধিকার রক্ষা ও নিরাপত্তার দাবি জানিয়ে জেলা শাসকের নিকট স্মারকলিপি পেশ করলে রথীনবাবু ওই প্রতিশ্রুতি দিয়ে আরও বলেন, এ ধরণের ঘটনার পুনরাবৃত্তি যাতে না ঘটে তার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ জানানো হবে।

যে সব সাংবাদিকদের উপর জুলুমবাজি ও হুমকি প্রদর্শন চলেছে তাঁরা হলেন: অধীর সিংহ, সুধীর বোথরা, দুলাল ভট্টাচার্য, বিশ্বনাথ চ্যাটার্জ্জী, সত্যনারায়ণ ভকত প্রমুখ। স্মারকলিপিতে এঁদের ঘটনার কথা উল্লেখ করে বলা হয়েছে, ভারতীয় সংসদের স্পীকার যখন বলছেন হাতকড়ি পরানোর দিন চলে গিয়েছে। সাংবাদিক প্রভৃতি নাগরিকদের মর্যাদার প্রশ্ন বিচার করতে হবে, তখন একজন থানা অফিসার সাংবাদিককে 'মিসায় আটক' করার হুমকি প্রদর্শনের ঔদ্ধত্য পান কোত্থেকে?

---

### খাদ্যে ভেজালে চর্মরোগ বাড়ছে

সরষের তেল এবং গমে ভেজালের জন্য জঙ্গিপুর মহকুমায় ঘা, ফোসকা, চুলকনি ইত্যাদি চর্মরোগ ব্যাপকভাবে বিস্তারলাভ করেছে বলে খবর পাওয়া যাচ্ছে। মহকুমার সদর হাসপাতাল এবং স্বাস্থ্যকেন্দ্রগুলিতে ওই সমস্ত রোগীদের ভিড় বাড়ছে। সে তুলনায় ওষুধের বরাদ্দ নামকে ওয়াস্তে। চর্মরোগের ব্যাপারে পরীক্ষা চালাচ্ছেন রাজ্যের জনস্বাস্থ্য বিভাগ। তাঁদের ধারণা খাদ্যে, বিশেষ করে ভেজাল সরষের তেল এবং গমের সাথে মিশে থাকা খাদ্যগুদামের কীটনাশক পাউডার এই রোগ বৃদ্ধির জন্য দায়ী। তাঁরা অবশ্য এ ব্যাপারে এখনও চূড়ান্ত সিদ্ধান্তে পৌছতে পারেননি।


**ডেণ্টাল হল**

**রঘুনাথগঞ্জ ★ মুর্শিদাবাদ**

(দরবেশপাড়া)

জঙ্গিপুর মহকুমায় আধুনিক ধরণের ডেণ্টাল ক্লিনিক। এখানে বিনা যন্ত্রণায় দাঁত তোলা ও সুলভে দাঁত বাঁধান হয়। দাঁতের স্কেলিং ও ফিলিং প্রভৃতি করা হইয়া থাকে। জনসাধারণের সহানুভূতি ও শুভেচ্ছাই আমাদের একমাত্র কাম্য।


### ট্রাই বেকারেও খেলা অমীমাংসিত থেকে গেল

রঘুনাথগঞ্জ, ৭ সেপ্টেম্বর—আজ জঙ্গিপুর মহকুমা সদর হাসপাতাল মাঠে ডাঃ বি, এন, দাস মেমোরিয়াল চ্যালেঞ্জ শীল্ড ও শান্তিদেবী মেমোরিয়াল রাণারস্ কাপের ফাইন্যাল খেলা ক্যানেল ডিভিশন ও এন, এইচ কন্‌সট্রাকসন ডিভিশনের মধ্যে প্রচণ্ড উত্তেজনার ভিতর দিয়ে অমীমাংসিতভাবে শেষ হয়। অতিরিক্ত ১৯ মিনিট সময় খেলানো সত্ত্বেও খেলার মীমাংসা না হ'লে ট্রাই বেকারের পথ নেওয়া হয়। কিন্তু তাতেও খেলা অমীমাংসিত থেকে যায়। খেলা শুরু হওয়ার ৪ মিনিটের মাথায় ক্যানেল দল একটি অব্যর্থ গোলের সুযোগ নষ্ট করে। দ্বিতীয়ার্ধে উভয় পক্ষের আক্রমণ পাল্টা আক্রমণে খেলা জমে ওঠে। এবং দুই দলই কয়েকটি নিশ্চিত গোলের সুযোগ নষ্ট ক'রে। আলোর অভাবে ট্রাই বেকারের পর খেলা 'অমীমাংসিতভাবে সমাপ্ত' বলে ঘোষণা করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে জঙ্গিপুরের মহকুমা শাসক উপস্থিত ছিলেন। খেলা পরিচালনার দায়িত্ব নেন সুশান্ত পাণ্ডে।

### স্বতঃস্ফূর্ত ছাত্র ধর্মঘট

রঘুনাথগঞ্জ, ৭ সেপ্টেম্বর—সস্তাদরে কাগজ, খাদ্য ও কেরোসিনের দাবিতে বামপন্থী ছাত্র ফেডারেশনের ডাকে সাড়া দিয়ে রঘুনাথগঞ্জ ও জঙ্গিপুরের ছাত্র-ছাত্রীরা ৫, ৬ ও ৭ সেপ্টেম্বর ৭২ ঘণ্টাব্যাপী স্বতঃস্ফূর্ত ধর্মঘট পালন করে। এ ধরণের সফল ছাত্র ধর্মঘট এর আগে আর দেখা যায়নি।

### মদ তৈরীর মালমশলা, যন্ত্রপাতি উদ্ধার

ফরাক্কা: মুর্শিদাবাদ জেলা আবগারি বিভাগ গত ৮ সেপ্টেম্বর অভিযান চালিয়ে ফরাক্কা থানার জাফরগঞ্জ গ্রামে দুজনের বাড়ী থেকে প্রচুর মদ তৈরীর মালমশলা, যন্ত্রপাতি এবং তৈরী কয়েক বোতল দেশী মদ উদ্ধার করেছে। এ সম্পর্কে একজনকে ধরা সম্ভব হয়েছে, অন্য একজন পলাতক। অভিযোগ করা হয়েছে যে, এই অবৈধ মদ চোলাইয়ের পেছনে বেশ কিছু গ্রাম্য প্রভাবশালী লোক অর্থ দিয়ে মদৎ জোগাচ্ছেন। নয়নসুখ উচ্চ বিদ্যালয়ের অনতিদূরে অবস্থিত এই কুখ্যাত ঘাঁটি সম্পর্কে আবগারি বিভাগের পুলিশের দৃষ্টি আকর্ষণ করেও বিফল হয়েছেন। গ্রামটিতে তাড়ির আড্ডাখানা, মদের ঘাঁটি ছাত্রদের নৈতিক অধঃপতন ঘটাতে সাহায্যের অভিযোগ কি একেবারে অমূলক? এ প্রশ্ন দায়িত্বশীল অভিভাবকগণের।

### খোয়া যাওয়া পান উদ্ধার

ফরাক্কা: সম্প্রতি জাফরগঞ্জ মোমিনটোলার জন কয়েক সমাজবিরোধী উত্তরবঙ্গের জন্য প্রেরিত প্রায় চার হাজার টাকা মূল্যের চার লাখ পান ট্রেন থেকে সরিয়ে ফেলে। পুলিশ টের পেয়ে খোয়া যাওয়া পান উদ্ধার করেছে। কেউ ধরা পড়েনি।

### পুলিশী কর্তব্যে অবহেলা

জঙ্গিপুর, ৯ সেপ্টেম্বর—সাম্প্রতিক সমাজবিরোধী কার্যকলাপে জঙ্গিপুর এলাকার নাগরিকদের মনে ভীতি ও সন্ত্রাস সৃষ্টি হয়েছে। কিন্তু পুলিশী তৎপরতার কোন লক্ষণ না থাকায় ওদের অত্যাচার দিনদিন বেড়ে যাচ্ছে। রাত্রে পুলিশের ডিউটির যে নিয়ম ছিল এখন তাও হচ্ছে না বলে অনেকে অভিযোগ করছেন। তাঁরা পুলিশী কর্তব্যে অবহেলায় নিরাপত্তার অভাব বোধ করছেন বলে জানা গেল।

### মালগাড়ির ইঞ্জিন লাইনচ্যুত

সাগরদীঘি, ১ সেপ্টেম্বর—আজিমগঞ্জ—নলহাটী শাখা লাইনের (পূঃ রেল) বারালা ও সাগরদীঘি ষ্টেশনের মাঝে হাজরা সাঁকোর কাছে গতকাল সন্ধ্যায় রামপুরহাট গামী একটি মালগাড়ির ইঞ্জিন লাইনচ্যুত হলে সারা রাত ট্রেণ চলাচল বিঘ্নিত হয়। বিভিন্ন ষ্টেশনে অপেক্ষারত যাত্রীদের দুর্ভোগ পোহাতে হয়। রাত দুটো নাগাদ ইঞ্জিনটিকে তোলার পর আজ সকাল থেকে পুনরায় ট্রেণ চলাচল শুরু হয়। তবে বিলম্ব ঘটে। প্রাথমিক তদন্তে জানা গেছে, ইঞ্জিনের সামনের দু'টো চাকা লাইনচ্যুত হয়। বিশেষ ক্ষতি হয়নি। হতাহতও হননি কেউ।

### অশুভ শুক্রবার

সাগরদীঘি, ২ সেপ্টেম্বর—গত শুক্রবারটি এই থানার কাছে 'অশুভ'রূপে চিহ্নিত হয়েছে। কেন না—

বেলাইপাড়াতে গুপ্তঘাতকের ধারালো অস্ত্রের আঘাতে নিহত হয়েছে আফসার সেখ ওই শুক্রবারে। ছামুগ্রামের বলাই মণ্ডল (৫৫) ঘুমন্ত অবস্থায় সর্পদংশনে মারা গেছেন ওই শুক্রবার রাত্রে। ওই শুক্রবারেই প্রেম করে বিয়ে করার অছিলায় ছামুগ্রামের জরিতা ফুলমালীকে প্রায় তিন মাস আগে বলাৎকারের অভিযোগে ওই গ্রামেরই শশাঙ্ক ব্যানার্জ্জী ওরফে পান্না নামে এক যুবককে গ্রেপ্তার করা হয়েছে। স্থানীয় এক রেশন দোকানের জনৈক কর্মচারীকে মারধোরের অভিযোগে এস, ইউ, সি-র থানা সম্পাদক খাইরুল বাসার সহ সম্প্রতি পাঁচজনের বিরুদ্ধে গ্রেপ্তারী পরোয়ানা জারী করা হয়েছিল। তাঁদের মধ্যে চারজন সেই একই শুক্রবারে জঙ্গিপুর আদালতে আত্মসমর্পণ করে জামিন নেন। বাকী একজন পলাতক ছিলেন। তিনি অবশ্য আজ আদালত থেকে জামিন নিয়েছেন। এ ছাড়াও গত শনিবার টসপাড়ায় সম্পত্তি নিয়ে মারামারিতে হেঁসোর আঘাতে দু'জন জখম হয়েছেন বলে খবর পাওয়া গেছে।


—সকল প্রকার ঔষধের জন্য—

**নির্ণয় ও নিরাময়**

**রঘুনাথগঞ্জ ★ মুর্শিদাবাদ**

ফোন—আর, জি, জি ১৯

## নিরাপত্তার দাবিতে জাতীয় সড়ক অবরোধ

অরঙ্গাবাদ, ৫ সেপ্টেম্বর—গতকাল সন্ধ্যায় জাতীয় সড়কের ভাবকীতে উত্তরবঙ্গের একটি ট্রাক থেকে দু'পেটি চা খোয়া গেলে ট্রাক চালকরা রাত বারটা থেকে রাস্তা অবরোধ করেন। ফলে উত্তরবঙ্গগামী রকেট বাস সহ কয়েকটি লোকাল বাস আটকে পড়ে। জঙ্গিপুরের মহকুমা শাসক এবং সুতী পুলিশের হস্তক্ষেপে ট্রাকচালকরা আজ, আট ঘণ্টা পর অবরোধ তুলে নেন। তাঁরা মহকুমা শাসকের নিকট বেনিয়াগ্রাম থেকে উমরপুর পর্যন্ত ট্রাকে চুরি বন্ধ এবং নিরাপত্তার দাবি জানান। মহকুমা শাসক কর্তৃপক্ষকে জানাবেন বলে প্রতিশ্রুতি দেন। ট্রাক চালকরা অভিযোগ করেন ওই ট্রাকের খালাশীকে কে বা কারা অপহরণ করেছে। এক সাক্ষাৎকারে জঙ্গিপুরের মহকুমা শাসক আমাদের প্রতিনিধিকে জানিয়েছেন, জনৈক ট্রাকচালক ওই দিন কয়েকজন দুর্বৃত্তের ছোরায় সামান্য আহত হন। তাঁকে জঙ্গিপুর মহকুমা হাসপাতালে ভর্তি করা হয়েছে।

### একটা মূর্তিসমেত ৪ হাজার টাকার চোরাই ভাংড়ি উদ্ধার

রঘুনাথগঞ্জ, ৪ সেপ্টেম্বর—গোপনসূত্রে খবর পেয়ে এস, আই জ্যোতির্ময় রাহা আজ এই থানার চরকা গ্রামে কোবাদ আলীর বাড়ীতে তল্লাসী চালিয়ে পেতলের একটি প্রাচীন রাধা মূর্তিসমেত প্রায় চার হাজার টাকা মূল্যের চোরাই ভাংড়ি উদ্ধার ও আটক করেছেন। গৃহকর্তাকে গ্রেপ্তার করে আদালতে চালান দেওয়া হয়েছে। মূর্তিটি সনাক্ত করার জন্য সাগরদীঘি ও লালগোলা থানা কর্তৃপক্ষকে মেসেজ পাঠানো হয়েছে। কারণ কিছুদিন আগে ওই দুই থানা এলাকা থেকে কয়েকটা প্রাচীন মূর্তি চুরি গিয়েছিল।

১ম পৃষ্ঠার পর [ **ফরাক্কা ব্যারাজ কর্মে** ]

কর্তৃপক্ষ দেখা করতে বাধ্য হন। যুগ্ম-সচিব শ্রীগুপ্তাও বিষয়টিতে উৎসাহ প্রকাশ করেন এবং স্থানীয় জনস্বার্থ রক্ষা কমিটির তরফ থেকে যে সব অভিযোগ পেশ করা হয়েছে সে বিষয়ে ব্যারাজের জেনারেল ম্যানেজারের অকর্মন্যতার এবং উদাসীনতার জন্য তিনি মৃদু ক্ষোভ প্রকাশ করেন। প্রতিশ্রুতি পেলে মিছিল শান্তভাবে ফিরে যায়। এখানে উল্লেখ্য, স্থানীয় বলতে ফরাক্কা, সমশেরগঞ্জ, সুতী, রঘুনাথগঞ্জ এবং সাগরদীঘি থানা এলাকা। এর সাথে মালদার কলিয়াচক থানা এলাকাও অন্তর্ভূক্ত হয়েছে।

### সাঁতার প্রতিযোগিতা

বংশবাটী, ৫ সেপ্টেম্বর—আজ স্থানীয় হাই স্কুলে শিক্ষক দিবস উপলক্ষে শিবসাগর পুকুরে সকাল দশটায় অনুষ্ঠিত আধ মাইল সাঁতার প্রতিযোগিতায় ছেলেদের দু'টো গ্রুপ ও মেয়েদের একটি গ্রুপ অংশ গ্রহণ করে। ছেলেদের 'এ' গ্রুপে ৮ জনের মধ্যে জয়রাম চক্রবর্ত্তী, কেতাবুদ্দিন সেখ, সুনীল মণ্ডল এবং 'বি' গ্রুপে ১০ জনের মধ্যে সাজ্জাদ আলি সেখ, রঘুনাথ সরকার ও অমিত মণ্ডল যথাক্রমে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকার করে। মেয়েদের ৬ জনের মধ্যে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকার করে যথাক্রমে বাসবী দাস, অবেদা সেখ ও সান্ত্বনা ভট্টাচার্য্য। বিকেলে শিক্ষক দিবস উপলক্ষে অনুষ্ঠিত এক সভায় বক্তব্য রাখেন উমাপতি মণ্ডল, রতন মণ্ডল, মৃত্যুঞ্জয় ব্যানার্জী প্রমুখ।

### লালবাগে যুব আবাস

মুর্শিদাবাদ জেলা তথ্য ও জনসংযোগ দপ্তরের খবরে প্রকাশ, পশ্চিমবঙ্গ সরকার এই জেলার লালবাগে একটি যুব আবাস নির্মাণের প্রস্তাব করেছেন। যুবকদের পর্যটনে উৎসাহ দেওয়া এবং এককালের বাংলার রাজধানী মুর্শিদাবাদের আশেপাশের ঐতিহাসিক স্থানগুলিতে যাবার জন্য পর্যটনরত যুবকদের থাকার ব্যবস্থা করার উদ্দেশ্যে এই যুব আবাস নির্মাণ করা হবে।


Wanted a B. Sc. B. T teacher preferably in life science in deputation vacancy. Apply within 16. 9. 74. Interview on 19. 9. 74 at 1-0 P. M.

Secretary,
Amuha Kadamtala High School. P. O Kashimnagar
11. 9. 74 Dt. Murshidabad.

### নাম পরিবর্ত্তন

আমি শ্রীকৃষ্ণকুমার পাল পিতা ৺বামাচরণ পাল সাং দিঘরী পোঃ কাঁকুড়িয়া থানা সমসেরগঞ্জ জেলা মুর্শিদাবাদ গত ৭/৮/৭৪ জঙ্গিপুর প্রথম শ্রেণীর জুডিসিয়াল ম্যাজিষ্ট্রেটের আদালতে এফিডেভিট করিয়া আমার নাম কুমার-এর পরিবর্ত্তে চন্দ্র করিয়া শ্রীকৃষ্ণচন্দ্র পাল নামে পরিচিত হইলাম।

শ্রীকৃষ্ণচন্দ্র পাল




রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেস হইতে শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্তৃক সম্পাদিত মুদ্রিত ও প্রকাশিত।

—ধূমপানে পরিতৃপ্ত হোন— ফোন—অরঙ্গাবাদ-৪৭
★ ৫৬১নং নারায়ণ বিড়ি ★ ৫০৫নং পাঁচকড়ি বিড়ি ★ ১নং প্রভাত বিড়ি
**বান্ধব বিড়ি ফ্যাক্টরী ( প্রাঃ ) লিঃ**
পোঃ অরঙ্গাবাদ ( মুর্শিদাবাদ )